দৈনিক ইনকিলাব

তারিখ JUL 1 5 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

# বন্ধ মাদ্রাসাসমূহ পুনরায় চালু করতে জাতীয় ইমাম সমিতির দাবী

গত ১১ ও ১২ জুলাই জাতীয় ইমাম সমিতির দ্বিবার্ষিক প্রতিনিধি সম্মেলন ও "ওয়াটার এন্ড স্যানিটেশন" কার্যক্রমের উপর দশ ঘন্টার প্রশিক্ষণ কার্যক্রম মোহাম্মদপুর নূরজাহান রোডস্থ বায়তুল ফজল মসজিদ ও মাদ্রাসা কমপ্লেক্সে অনুষ্ঠিত হয়। সম্মেলনে জেলাসমূহের সভাপতি/সম্পাদক প্রতিনিধি হিসেবে যোগদান করেন।

জাতীয় ইমাম সমিতির নির্বাহী সভাপতি হাফেজ মাওলানা খলিলুর রহমানের সভাপতিত্বে প্রশিক্ষণ ও সম্মেলনে সমাপনী অনুষ্ঠানে প্রধান ও বিশেষ অতিথি ছিলেন যথাক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ এ কে আযাদ চৌধুরী ও জাতীয় অধ্যাপক ডঃ নূরুল ইসলাম।

প্রফেসর আযাদ চৌধুরী ইমাম সমিতির কার্যক্রমের ভূয়সী প্রশংসা করে বলেন, ধর্মীয় নেতৃত্বের পাশাপাশি আর্থ-সামাজিক উন্নয়ন কার্যক্রমে ইমাম সমিতির বলিষ্ঠ পদক্ষেপ দেশ ও জাতির কল্যাণ বয়ে আনবে। তিনি বলেন, শ্রদ্ধাভাজন ইমামগণ দেশের মানুষকে সঠিক দিকনির্দেশনা দিতে পারলে দেশ ও জাতির প্রভূত কল্যাণ সাধিত হবে। তিনি জাতীয় ইমাম সমিতির এই সম্মেলনের সাফল্য কামনা করেন।

জাতীয় ইমাম সমিতির দ্বিবার্ষিক সম্মেলনে গৃহীত প্রস্তাবাবলী হচ্ছে ঃ জাতীয় ইমাম সমিতি যে সকল মাদ্রাসার মঞ্জুরি স্থগিত করা হয়েছে সেসব মাদ্রাসার মঞ্জুরি শর্ত শিথিল করে পুনরায় চালু করার জন্য সরকারের নিকট জোর দাবী জানায়।

দ্বিবার্ষিক সম্মেলন ডাস্টবিনে কোরআন ফেলে কোরআন অবমাননার তীব্র নিন্দা জানায় এবং এর প্রকৃত রহস্য উদঘাটনের জন্য বিচার বিভাগীয় তদন্ত দাবী করে এবং ধর্মীয় সেন্টিমেন্টে আঘাত হানা বন্ধ করার লক্ষ্যে ব্লাসফেমী আইন রচনার দাবী জানায়।